

জমকালো আয়োজনে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের সমাবর্তন

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৯:১৪, ১২ ডিসেম্বর ২০২৩



অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের সমাবর্তন

জমকালো আয়োজনের মধ্য দিয়ে সমাবর্তনে অংশ নিয়েছে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষার্থীরা।

UNIBOTS



মঙ্গলবার (১২ ডিসেম্বর) রাজধানীর একটি পাঁচ তারকা হোটেলে ইংরেজি মাধ্যম প্রতিষ্ঠানটির এ-লেভেল, ও-লেভেল সম্পন্ন করা শিক্ষার্থীরা সমাবর্তন-২০২৩ এ অংশ নেন। এসময় শিক্ষার্থীরা উচ্ছ্বাস জানিয়ে শিক্ষাজীবনে পথ পাড়ি দেয়ার পেছনে কাজ করা শিক্ষক ও বাবা মায়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন শিক্ষার্থীরা।

অধ্যক্ষ ড. এম নুরুন নবীর সভাপতিত্বে সমাবর্তনে প্রধান অতিথির বক্তব্য রাখেন জার্মান দূতাবাসের সাংস্কৃতিক সংযুক্তি বিষয়ক প্রধান জিলক ইশমিয়ার।

জিলক ইশমিয়ার বলেন, শিক্ষার্থীদের তাদের ভবিষ্যত কর্মজীবনে নতুন নতুন সম্ভাবনার মুখোমুখি হতে হবে। তাই সিদ্ধান্ত গ্রহণ ও বর্তমান প্রগতিশীল বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার প্রয়োজনীয়তার উপর তিনি আলোকপাত করেন। তিনি শিক্ষার্থীদের লব্ধ জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতাকে দেশ ও জাতির কল্যাণে কাজে লাগাবার পরামর্শ দেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ব্রাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. ডেভিড ডাউল্যান্ড।

তিনি শিক্ষার্থীদের জ্ঞানার্জনের পাশাপাশি প্রয়োজনীয় দক্ষতার মেলবন্ধনে একটি ভারসাম্যপূর্ণ জীবনযাপন করতে আহ্বান জানান। শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে সমাবর্তনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের এক্সাম ডিরেক্টর ম্যাক্সিম রায়মান ও ডিরেক্টর অফ বিজনেস ডেভেলপমেন্ট সারওয়ান রেজা, গোয়েখ ইন্সটিটিউট বাংলাদেশের ডেপুটি ডিরেক্টর টিম ফাউথ, ক্যামব্রিজ এসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার শাহিন রেজা, ক্যামব্রিজ ইউনিভার্সিটি প্রেস এন্ড এসেসমেন্ট বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার কাজী নাহিয়ান প্রমুখ। সমাবর্তনে আহ্বায়ক হিসেবে মো. শামসুল হক চৌধুরী।

অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল ঢাকার শীর্ষস্থানীয় ইংরেজি মাধ্যম স্কুলগুলোর মধ্যে অন্যতম। স্কুলটি শিক্ষার মানদণ্ডে বাংলাদেশের একমাত্র আই.এস.ও. সনদপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান।